মনোজ বসুর গল্প সমগ্র

মনোজ বসুর
গল্প সমগ্র

মধ্য পর্ব

ডঃ ভূদেব চৌধুরী সম্পাদিত

বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
কলিকাতা বারো

এতাবৎ প্রকাশিত মনোজ বসুর গল্প-সংখ্যা তিন-শর কিছু কম। গল্প সমগ্র চার খণ্ডে প্রায় সব গল্পই থাকবে। আদি পর্ব (মূল্য বারো টাকা) ও মধ্য পর্ব বেরুল। বাকি দুই খণ্ড—উত্তর পর্ব ও প্রান্তিক পর্ব যথাসম্ভব দ্রুত বেরুবে।

প্রকাশক
ময়ূখ বসু
বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
১৪ বঙ্কিম চাটুজ্জে স্ট্রীট
কলিকাতা-১২

মুদ্রক
রঞ্জনকুমার দাস
শনিরঞ্জন প্রেস
৫৭, ইন্দ্র বিশ্বাস রোড
কলিকাতা-৩৭

মূল্য : কুড়ি টাকা

সূচীপত্র

ভূমিকা

মধ্য পর্ব

মনোজ বসুর গল্পের দীপশিখা হাতে নিয়ে কালের পথে পরিক্রমা চলছিল আমাদের। অনাদ্যন্ত অখণ্ড মহাকাল—বিশেষিত মানুষের বহমান সুখ দুঃখ ভয়-ভাবনার রেখাবন্ধনে বলয়িত উপলব্যথিত বিচ্ছিন্ন গতিভঙ্গে জীবনের ধারা নিয়ে নদীজল-স্রোতের মত চলেছে নিরন্তর প্রবাহে। তার প্রতিটি বুদ্বুদ শিখরে প্রাণকেন্দ্র জীবনানুভবের কি চকিত দীপ্তি,—বাঁকের মোড়ে মোড়ে ভাঙাগড়ার কত আক্ষেপ—আশ্বাস।

সেই সূত্রেই ত্রিশের দশক ডিঙিয়ে চলে আসি চল্লিশে, 'পৃথিবী কাদের' এর 'একদা নিশীথকালে' গল্পমালার পরে 'দুঃখ নিশার শেষে' 'কাঁচের আকাশ'। চল্লিশ নয় ঠিক—'সাতচল্লিশ' নয়, ত্রিশের দশকের প্রাণশিখা সে-সময়ে জীবনের বহ্ন্যুৎসবে মেতে ছিল। আমাদের এবারকার যাত্রা শুরু তেতাল্লিশ এবং তার পরবর্তী কয়েক বছর ব্যাপী নীরন্ধ্র বিনাশের ইতিহাস-উৎস থেকে। কেবল বাংলা দেশেই নয়, সারা ভারত জুড়ে চলেছিল সে যেন সার্বিক আত্মহননের মহামারির কাল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের শুরু ১৯৩৯-এ, সেই যুদ্ধজনিত আত্মসুখ-লোলুপতা আর অবাধ নীতি-হীনতার পরিণাম অখণ্ড বাংলায় তেরশো পঞ্চাশের 'মন্বন্তর', খ্রীস্টাব্দের হিসেবে যখন ১৯৪৩। সেই কথাই হচ্ছিল, এবারকার পথের প্রথম সীমানা আমাদের ১৯৪৭-এর উপান্ত অবধি।

আর 'দুঃখ নিশার শেষে'-র এক-একটি গল্প যেন সেই অবক্ষয়ী ইতিহাসের একটি করে অধ্যায়। 'মন্বন্তর', 'বন্যা', 'কন্ট্রোলের লাইন', 'হিন্দু মুসলিম দাঙ্গা'—তারই মাঝে রয়েছে 'নেতা মহিমার্ণব'-এর অদ্ভুত ছবি।

'কাঁচের আকাশ'-গল্পাবলির কাল চেতনা বুঝি আর এক পা এগিয়েছে। মাঝখানে আছে গল্পগ্রন্থ 'উলু'। এই গল্পগুচ্ছে মনোজ বসু ইতিহাসের যুদ্ধোদ্বত প্রান্তরভূমি থেকে আবার ফিরে এসেছেন গৃহবলিভুক জীবনের ছোট সুখ ছোট দুঃখ ছোট ছোট পাওয়া না-পাওয়া ভরা নিভৃত দেহলিতে। কিন্তু চেতনার অন্তর্নিহিত বেদনার মোক্ষণ হতে পারে নি তাতেও, প্রতিটি গল্পেই শিল্পীর সহজ-স্বপ্নাতুর জীবন-পিপাসা ব্যথা-বিদীর্ণ হয়ে আছে। ট্রাজেডির প্রগাঢ়তা না থাক তবু 'উলু'-গল্পমালা গভীর করুণা-মথিত।

'কাঁচের আকাশ'-এর গল্পগুলোও সমকালীন ইতিহাস-চেতনার অম্লান